

# মার্থা'স রুল: যদি আপনি মনে করেন যে অবস্থা খারাপের দিকে যাচ্ছে তাহলে আমাদেরকে জানান।

আপনি নিজেকে এবং যে ব্যক্তির যত্ন নিচ্ছেন তাকে সবার চেয়ে ভালোভাবে জানেন। আপনি ছোট ছোট পরিবর্তন লক্ষ্য করতে পারেন যা যত্ন নেওয়া দলটি হয়তো সঙ্গে সঙ্গে নাও বুঝতে পারে। এই পরিবর্তনগুলো অবনতির প্রাথমিক সতর্কসংকেত হতে পারে।

## মার্থা'স রুল কী?

আমরা মার্থা'স রুল চালু করেছি যাতে রোগীর অবস্থা অপ্রত্যাশিতভাবে খারাপ হওয়ার কোনো লক্ষণ আগে থেকেই শনাক্ত করা যায়। আপনার যদি মনে হয় যে কারো শারীরিক অবস্থা খারাপের দিকে যাচ্ছে তাহলে আপনি যাতে দ্রুত পর্যালোচনার অনুরোধ করতে পারেন, মার্থা'স রুল আপনাকে সেই অধিকার দেয়।

## আমরা কিভাবে রোগীদের অবস্থা পর্যবেক্ষণ করি

হাসপাতালে কেউ ভর্তি থাকাকালীন আমরা নিয়মিত তার রক্তচাপ, তাপমাত্রা এবং স্বাস্থ্য সংক্রান্ত অন্যান্য গুরুত্বপূর্ণ সূচক পরীক্ষা-নিরীক্ষা করি। তাদের ভিন্ন ভিন্ন অবস্থা ও প্রয়োজনের উপর এই পরীক্ষার সময়সূচি নির্ভর করে। কখনও কখনও এই পরীক্ষার জন্য আমাদের হয়তো রোগীকে জাগাতে হতে পারে। এছাড়া, আমরা প্রতিদিন অন্তত একবার জানতে চাইবো তারা আগের চেয়ে ভালো না কি খারাপ বোধ করছে। এর মাধ্যমে আমরা তাদের স্বাস্থ্যের যেকোনো অপ্রত্যাশিত পরিবর্তন পর্যবেক্ষণ করে থাকি।





## আপনার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ

স্বাস্থ্যের অবনতির প্রাথমিক লক্ষণগুলো শনাক্তে আমাদের সহায়তা করতে, নিম্নলিখিত বিষয়ে উদ্বিগ্ন হলে অনুগ্রহ করে আমাদেরকে জানান:

- তাপমাত্রার পরিবর্তন – স্বাভাবিকের চেয়ে বেশি গরম বা ঠাণ্ডা লাগা
- ত্বকের যেকোনো পরিবর্তন, যেমন- ফ্যাকাশে হয়ে যাওয়া বা র্যাশ হওয়া (কালো বা বাদামি ত্বকে এটি বোঝা কিছুটা কঠিন হতে পারে) অথবা ঘা বা ফোসকা পড়া
- ব্যথা বেড়ে যাওয়া
- অতিরিক্ত ক্লান্তি বা অস্বাভাবিক ঘুম ঘুম ভাব
- অতিরিক্ত তৃষ্ণা বা স্বাভাবিকের চেয়ে কম প্রস্রাব হওয়া
- শ্বাস-প্রশ্বাসে পরিবর্তন
- অস্বাভাবিক মনোযোগহীনতা
- অন্য যেকোনো বিষয় যা আপনাকে উদ্বিগ্ন করছে

আমাদের কর্মীদেরকে এই পরিবর্তনগুলোর বিষয়ে জানানো আমাদের সাহায্য করবে যাতে আমরা প্রাথমিক অবস্থাতেই অবনতি শনাক্ত করতে পারি এবং গুরুতর স্বাস্থ্যগত সমস্যাগুলো প্রতিরোধে ব্যবস্থা নিতে পারি।

## আপনি উদ্বিগ্ন হলে কী করবেন

- 1 আপনার বা আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন তার যত্নকারী দলের সাথে কথা বলুন।
- 2 আপনি যদি এখনও উদ্বিগ্ন থাকেন এবং মনে করেন যে যত্নকারী দলটি আপনার উদ্বেগগুলোতে গুরুত্ব দিচ্ছে না সেক্ষেত্রে দ্রুত পর্যালোচনার জন্য কল করুন। কিভাবে এটি করতে হয় তা জানতে আমাদের স্টাফের যেকোনো সদস্যকে জিজ্ঞাসা করুন বা মার্থার নিয়মাবলী বিষয়ক পোস্টারগুলো দেখুন, সেখানে ফোন নম্বর দেওয়া আছে।

আপনার অনুরোধটি হাসপাতালের অন্য একটি দলের কাছে যাবে যারা গুরুতর অসুস্থ রোগীদের পরিচর্যায় বিশেষজ্ঞ। তারা আপনার এবং আপনার সন্তানের যত্নকারী দলের সাথে কাজ করে প্রয়োজনীয় চিকিৎসা বা আরো পর্যালোচনার ব্যবস্থা করবে। এই পরিষেবাটি সপ্তাহের 7 দিন, 24 ঘণ্টাই চালু থাকে।

## আমাদের প্রতিশ্রুতি

আমরা নিয়মিত আপনার মতামত জানতে চাইব এবং আপনার উদ্বেগগুলোকে গুরুত্ব সহকারে নেব। আমরা আপনাকে আমাদের দেওয়া যত্নের ক্ষেত্রে একজন অংশীদার হিসেবে দেখি এবং চাই যে আপনি আপনার যেকোনো উদ্বেগ বা চিন্তা নিয়ে কথা বলুন।

**মার্থা'স রুল সম্পর্কে  
আরো জানতে এখানে  
স্ক্যান করুন।**



**আপনি আমাদেরকে বিরক্ত করছেন না –  
আমরা আপনার কথা শুনতে চাই।**